

স্বাচ্ছন্দ, (সং: ৪), ০৫-২২/১/১০

মাঘ ১৪২১
January 2015

নগর-ম

খাদ্য নিরাপত্তা নিশ্চিত কৃষি জমি সুরক্ষার আহ্বান কৃষিমন্ত্রীর

নিজস্ব বার্তা পরিবেশক

খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কৃষি জমি সুরক্ষার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। গতকাল রাজধানীর দারুস সালাম রোডে অবস্থিত হাউজিং অ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের (এইচবিআরআই) ৪০তম বর্ষপূর্তির অনুষ্ঠানমালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। বেগম মতিয়া চৌধুরী ইট তৈরিতে কৃষি জমির উপরিভাগ না কাটার আহ্বান জানিয়ে বলেন, কৃষিজমির উপরিভাগ কাটা হলে তিনি খুবই ব্যথিত ও কষ্ট পান। কৃষি থেকে আমরা কোনভাবেই বেরিয়ে আসতে পারবো না উল্লেখ করে মন্ত্রী বলেন, শ্রম শক্তিকে কাজে লাগাতে হলে অবশ্যই আমাদের অধিক খাদ্য উৎপাদনের দিকে নজর দিতে হবে। মতিয়া চৌধুরী সরকার গৃহীত প্রকল্প সঠিকভাবে বাস্তবায়নের ওপর

গুরুত্বারোপ করে বলেন, বাংলাদেশের মানুষের গড় আয়ু ও আয় উভয়ই বাড়ছে। এর সঙ্গে সঙ্গে রুটিরও পরিবর্তন হচ্ছে। তাই এখন আমাদের প্রযুক্তি নির্ভর ও বাস্তবসম্মত কার্যক্রম হাতে নিয়ে অভিজ্ঞতাকে কাজে লাগাতে হবে। গৃহায়ন ও পূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে জনবহুল আমাদের এ দেশে কৃষি জমির সীমাবদ্ধতা রয়েছে বলে উল্লেখ করেন। তিনি বলেন, পরিকল্পিত আবাসন গড়ে কৃষিজমি রক্ষা না করা হলে আগামীতে দেশ খাদ্য সংকটের ঝুঁকিতে পড়তে পারে। তাই কৃষি জমির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা অত্যন্ত জরুরি। পরিকল্পিত নগরায়নের সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলের বাড়িমর নির্মাণেও কৃষিজমি রক্ষার প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এম বজলুল করিম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এইচবিআরআই পরিচালক মোহাম্মদ আবু সাদেক।

